

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির আবেদন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের অনলাইনে প্রাথমিক আবেদন ১৬ মার্চ হতে ২৭ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত চলবে। অত্রই শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। প্রাথমিক আবেদনের সময়সূচী:

- (ক) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংগ্রহের তারিখ : ১৬/০৩/২০২৩ থেকে ২৭/০৩/২০২৩ খ্রি.
(খ) ফরমের প্রিন্টকপি সংশ্লিষ্ট বিভাগে জমাদানের শেষ তারিখ : ২৭/০৩/২০২৩ খ্রি. (সকাল ১০:০০-১:০০ টা পর্যন্ত)

২। আবেদনের যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ থাকতে হবে। এছাড়া ভর্তিচ্ছু বিষয়ে ন্যূনতম ন্যূনতম ৪০% অথবা জিপিএ ২.০০ পেতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত অথবা মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা বর্তমানে অন্য যে কোন প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Masters Tab -এ গিয়ে Apply Now অপশনে ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইনে আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে।


(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এক ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।


(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনের সাথে জমা দিতে হবে:

- (ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
(খ) এসএসসি, এইচএসসি ও স্নাতক (পাস) পরীক্ষা পাশের নম্বরপত্রের ফটোকপি- ১কপি করে।
(গ) স্নাতক (পাস) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১কপি।
(ঘ) কোটায় ভর্তির ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।


(প্রফেসর ডুম্বার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২১/০৩/২০২৩

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
৫। সংরক্ষণ নথি।